দৈনিক ইনকিলাব

MAR. 1 0 2002

তারিখ ... ... ... ... ... ... ...

পৃষ্ঠা ... ৭ কলাম ... ৬ ...

# সিলেট শিক্ষা বোর্ড এবার এসএসসি পরীক্ষার্থী ৩৩ হাজার

**সিলেট অফিস ঃ** সিলেট শিক্ষা বোর্ডের অধীনে এ বছর এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩৩ হাজার। গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থীর সংখ্যা ৩ হাজার ৯শ' ১ জন বেশী। আগামী ১৪ মার্চ এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। নকলরোধে ইতোমধ্যে ৫৬টি ভিজিল্যান্স টীম গঠন করা হয়েছে। সিলেট বোর্ডের অধীনে এবার ২য় বারের মতো এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ২০০১ সালে এই বোর্ডের মাধ্যমে প্রথম এসএসসি পরীক্ষা গ্রহণ করা হয়। গতবারের মতো এই বছরও বোর্ডের পরীক্ষা কেন্দ্র ৫১টি এবং সুনামগঞ্জে ১১টি কেন্দ্র রয়েছে। বিজ্ঞান বিভাগে ৯৯৭৫ জন, মানবিকে ২১৭৪৮ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ১২৫৫ জন পরীক্ষার্থী অংশ নেবে। মানবিক বিভাগে সর্বোচ্চ ১১৯৯৫ জন ছাত্রী অংশ নিচ্ছে।

জেলাওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা সিলেট ১২৯৩৪, হবিগঞ্জ ৬৫৪০, মৌলভীবাজার ৬৭৭৩ এবং সুনামগঞ্জ জেলায় ৬৭৩১জন। সূত্র জানায়, এ বছর জানুয়ারী থেকে সিলেট বোর্ড নকল বিরোধী অভিযান শুরু করে। এর অংশ হিসাবে ২২ জানুয়ারী হবিগঞ্জে, ২৬ জানুয়ারী সুনামগঞ্জে, ২৭ জানুয়ারী মৌলভীবাজারে এবং ২৮ জানুয়ারী সিলেটে মোটিভেশন কর্মসূচী অনুষ্ঠিত হয়। এতে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের প্রতিনিধি, মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, কেন্দ্র সচিব, অভিভাবক ও স্থানীয় গণমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

পরীক্ষার ব্যাপারে শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন সার্বক্ষণিক খোঁজ-খবর রাখছেন।